

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৪৪৬ (আগরতলা, ২০১৩)
কাঞ্চনপুর, ২০মার্চ, ২০১৭

এ ডি সি'র উত্তর জোন এলাকায় সিকলা হাম প্রকল্প

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ ও ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের যৌথ উদ্যোগে সম্প্রতি এক অনুষ্ঠানের মধ্য দিয়ে ১১৯ জন বেকার যুবক-যুবতীকে স্ব-নির্ভর প্রকল্পে ঋণ প্রদান করা হয়। অনুষ্ঠানে উদ্বোধক হিসেবে উপস্থিত ছিলেন ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদের পূর্ত ও শিক্ষা বিভাগের কার্য নির্বাহী সদস্য রাজেন্দ্র রিয়াং । প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিল্প বিভাগের কার্যনির্বাহী সদস্য পরেশ চন্দ্র সরকার । এছাড়াও উপস্থিত ছিলেন এম ডি সি ললিত দেবনাথ, এম ডি সি বদর ভোম হালাম, মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ড. সন্দিপ আর রাঠোর, ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের মুখ্য সঞ্চালক শান্তিরঞ্জন ভট্টাচার্য প্রমুখ । অনুষ্ঠানে পূর্ত ও শিক্ষা বিভাগের কার্য নির্বাহী সদস্য রাজেন্দ্র রিয়াং বলেন, রাজ্য সরকার ও এ ডি সি প্রশাসন যৌথভাবে উপজাতি বেকার যুবক-যুবতীদের স্বনির্ভর করে তোলার লক্ষ্যে যে কর্মসূচী গ্রহণ করেছিল এরই অঙ্গ হিসেবে সিকলাহাম প্রকল্পে ঋণ প্রদান করা হচ্ছে । যাতে করে এরা নিজেদের পায়ে দাঁড়াতে পারে । এই প্রকল্পে দামছড়া সাবজোনের ১৫ জন, দশদা সাবজোনের ৩৭ জন, রাজকান্দী সাবজোনের ১৯ জন এবং মাছমারা সাব জোন এলাকার ২১জনকে এই প্রকল্পের আওতায় আনা হয়েছে ।

D.N

This document is a Smart PDF product. To remove this message purchase the product at www.SmartPDFConverter.com